গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোঃ সিরাজুল হক খান সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ	১৪-০১-২০১৮খ্রি.
সভার সময়	ঃ	বেলা ২.৩০ টা
সভার স্থান		মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিত কর্মকর্তাগনের তালিকা	ঃ	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট) ড. মোঃ এনামুল হককে অনুরোধ করেন। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ০৫-১২-২০১৭ তারিখে অর্থ বিভাগের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০১৭-৫৬৯ নম্বর স্মারকের মাধ্যমে বাজেট পরিপত্র-১ এবং ২০-১২-২০১৭ তারিখে অর্থ বিভাগের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০১৭-৫৮৫ নম্বর স্মারকের মাধ্যমে বাজেট পরিপত্র জারি করা হয়েছে। বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে মধ্যমেয়াদী বাজেট কাঠামো অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের প্রক্ষেপণ প্রদান করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং প্রাথমিক ব্যয়সীমার বিভাজন ও প্রক্ষেপণ প্রস্তুত এবং দপ্তর/সংস্থাসমূহের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমা প্রস্তুতের বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। বাজেট পরিপত্রের মাধ্যমে ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের নীতিমালা ও পদ্ধতি বর্ণনা করা হয়েছে। তিনি চলতি অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপঃ

(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ **(অংকসমূহ কোটি টাকায়)**

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৭-১৮	প্রস্তাবিত বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ ২০১৯-২০	প্রক্ষেপণ ২০২০-২১
১	সচিবালয়	১৪.৬৫	১৫.১৫	১৫.৮৯	১৭.৭৯
২	স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান	০.১৫	০.১৬	০.১৭	০.১৯
৩	স্বাস্থ্য অধিদপ্তর	২৪৪.৬১	২৫৩.০৪	২৬৫.৩৫	২৯৭.১৮
৪	ঔষধ প্রশাসন অধিদপ্তর	২৫.১৩	২৫.৯৯	২৭.২৬	৩০.৫৩
৫	নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	২.১২	২.১৯	২.৩০	২.৫৮
৬	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	৯.৮৫	১০.১৯	১০.৬৯	১১.৯৮
৭	স্বাস্থ্য অর্থনীতি ইউনিট	০	০	০	০
মোট		**২৯৬.৫১**	**৩০৬.৭২**	**৩২১.৬৬**	**৩৬০.২৫**

(খ) পরিচালন ও উন্নয়ন বাজেট বিভাজন ও প্রক্ষেপণঃ

(অংকসমূহ কোটি টাকায়)

ক্রমিক নং	**বাজেট**	**প্রস্তাবিত বাজেট**	**প্রক্ষেপণ**	
বাজেট	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১
পরিচালন	৮৩৬১.৬৯	৯১৮৪.০৪	১০১০২.৪৪	১১১১২.৬৮
উন্নয়ন	৭৮৪১.৬৭	৮৬৩৯.৬৬	৯৫০৩.৬৪	১০৪৫৪.০১
মোট	**১৬২০৩.৩৬**	**১৭৮২৩.৭০**	**১৯৬০৬.০৮**	২১৫৬৬.৬৯

(গ) স্বাস্থ্য সেবা বিভাগের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ (২০১৮-১৯)

(অংকসমূহ কোটি টাকায়)

বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	২৮৭৭.০০

২। সভায় ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের প্রক্ষেপণ এবং বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক সুপারিশকৃত রাজস্ব প্রাপ্তি ও বাজেট বিভাজন নিয়ে আলোচনা হয় (সংযুক্তি-১)। উপসচিব (বাজেট) ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেটের উপর আলোচনার জন্য উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে অনুরোধ জানান।

৩। ডাঃ জে এম কামরুল ইসলাম, উপ-পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য অধিদপ্তরের ২৭১১ কোডে নতুন ভবনের জন্য ৬৮২১- আসবাবপত্র খাতে ২ কোটি টাকা, ভ্রমণ ব্যয় খাতে ২০ লক্ষ টাকা, ওভার টাইম খাতে ৩৪ লক্ষ টাকা, পেট্রোল ও লুবিক্যান্ট খাতে ৫৫ লক্ষ টাকা, ৪৮৯৯- অন্যান্য ব্যয় খাতে ৬০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে অতিরিক্ত অর্থ প্রয়োজন। কিছু নতুন কোডে অর্থ বরাদ্দ প্রয়োজন। তিনি জানান ২৭১২- বিভাগীয় অফিসসমূহের বিভিন্ন খাতে কিছু টাকা উদ্বৃত্ত থাকবে, ২৭১৩- সিভিল সার্জনের কার্যালয়সমূহের বিভিন্ন খাতে ৫,৩১,১৮,০০০/- (পাঁচ কোটি একত্রিশ লক্ষ আঠার হাজার) টাকা উদ্বৃত্ত থাকবে এবং ২৭১৪- উপজেলা স্বাস্থ্য কার্যালয়ের বিভিন্ন খাতে সমন্বয় করার পরও কিছু টাকা উদ্বৃত্ত থাকবে। তিনি আরও উল্লেখ করেন ২৭৪২- জেলা হাসপাতালের ইউটিলিটি বিল (বকেয়াসহ)সহ বিভিন্ন খাতে চাহিদা বৃদ্ধি পাওয়ায় ৭৭ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন। ২৭৪৪- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর বিভিন্ন খাতে সমন্বয় করার পরও অতিরিক্ত ৭৩ কোটি ৬৪ লক্ষ টাকা বরাদ্দ প্রয়োজন বলে তিনি সভায় উল্লেখ করেন।

৪। জনাব মোঃ গোলাম কিবরিয়া, পরিচালক (প্রশাসন), ঔষধ প্রশাসন অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরী জনস্বাস্থ্য প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোর অন্তর্ভুক্ত ছিল। বর্তমানে ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরী ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অর্ন্তভূক্ত করার ফলে বিভিন্ন ক্যাটাগরির ৬০টি পদের বেতন-ভাতা বাবদ ৩ কোটি ৪৮ আটচল্লিশ লক্ষ টাকা এবং ৩১ জন নবনিয়োগপ্রাপ্ত স্টাফের জন্য অতিরিক্ত অর্থ প্রয়োজন। তাছাড়াও সরবরাহ সেবা খাতে ১ কোটি ২৩ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য তিনি অনুরোধ করেন।

৫। জনাব মোঃ নজরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, নতুন জনবল নিয়োগের ফলে বেতন-ভাতা খাতে ৩ কোটি ৫০ লক্ষ টাকা এবং সরবরাহ ও সেবা খাতে ৫ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন।

৬। জনাব মোঃ নূরুল হক সরকার, হিসাবরক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, প্রতিষ্ঠানটি সেবা পরিদপ্তর থেকে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে রূপান্তরিত হওয়ার ফলে মহাপরিচালক প্রতিষ্ঠান প্রধান হিসাবে দায়িত্ব পালন করে আসছেন। সে প্রেক্ষিতে গ্যাস ও জ্বালানী, আপ্যায়ন, আইন সংক্রান্ত ব্যয়, অনুষ্ঠান উৎসবাদি ইত্যাদি খাতে নতুন কোডসহ ৭ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন বলে তিনি জানান।

৭। জনাব মোঃ খাইরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, গত ১৭-১২-২০১৭খ্রি. অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের বিভিন্ন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ৮,৮৯,৬৬,০০০/- (আট কোটি উননব্বই লক্ষ ছেষট্টি হাজার) টাকার কর্মসূচির বৈদ্যুতিক কাজ এবং পূর্ত কাজের পৃথক পৃথক তালিকা প্রস্তুত করা হয়েছে। সভায় কর্মসূচির তালিকা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

৮। বেগম জাকিয়া সুলতানা, যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ সভাকে অবহিত করেন যে, হাসপাতালের ভারী যন্ত্রপাতি ক্রয়ের প্রয়োজন হলে সংশ্লিষ্ট হাসপাতাল স্বাস্থ্য সেবা বিভাগে চাহিদাপত্র প্রেরণ করতে পারে। প্রয়োজনের নিরিখে অগ্রাধিকার ভিত্তিতে সচিবালয় কোড হতে সিএমএসডির মাধ্যমে যন্ত্রপাতি ক্রয় করে সংশ্লিষ্ট হাসপাতালে সরবরাহ করা হবে। তিনি সংশোধিত বাজেটে ৪৮৬৮- এমএসআর খাতে ১০০ কোটি টাকা এবং ৬৮১৩-যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাতে ১০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পূর্বে বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদন প্রয়োজন রয়েছে মর্মে উল্লেখ করেন। অতঃপর তিনি দাখিলকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যাণন প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তাতির আলোচনা হয়।

৯। জনাব মুহাম্মদ রুহুল কুদ্দুস, অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ সভায় উপস্থিত দপ্তর প্রধান ও প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বিদ্যুৎ, পানি, পৌরকর, ভূমি উন্নয়ন করসহ যে সকল ইউটিলিটি বিল বকেয়া রয়েছে তা ভালভাবে যাচাই-বাছাই করে পরিশোধ করতে হবে। কোন বিল যাতে দীর্ঘদিন যাবৎ বকেয়া না থাকে সে বিষয়ে সজাগ থাকতে হবে।

১০। বেগম রোকসানা কাদের, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ সভাকে অবহিত করেন যে, তামাক নিয়ন্ত্রণ আইন, ২০০৫ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির জন্য তামাক নিয়ন্ত্রণ সেল নিরলস কাজ করে যাচ্ছে। তিনি তামাকের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য তামাক নিয়ন্ত্রণ সেল কর্তৃক প্রণীত ৯,৪০,৯৬,০০০/- (নয় কোটি চল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকার প্রস্তাবিত কর্মসূচিটি অনুমোদনপূর্বক অর্থ বিভাগে প্রেরণের জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

১১। জনাব মোঃ আব্দুস ছামাদ, উপসচিব, অর্থ বিভাগ জানান যে, সংশোধিত বাজেট সাধারণত অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয় না। তবে জনগণের স্বাস্থ্য সেবার বিষয় নিশ্চিত করার জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দের যৌক্তিক চাহিদা প্রেরণ করলে অর্থ বিভাগ বিবেচনা করতে পারে।

১২। সিদ্ধান্তঃ

ক. স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের বেতন-ভাতাসহ বিভিন্ন কোডে মোট ৩৩৫.৫০ কোটি টাকা চলতি ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় (সংযুক্তি-২);

খ. সভায় ২০১৮-১৯ অর্থবছরের প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদিত হয়;

গ. স্বাস্থ্য সেবা বিভাগের তামাক নিয়ন্ত্রণ সেল কর্তৃক প্রস্তাবিত ৯,৪০,৯৬,০০০/- (নয় কোটি চল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকার কর্মসূচি অনুমোদিত হয়;

ঘ. পানি, বিদ্যুৎ, ভূমি উন্নয়ন কর, পৌর কর প্রভৃতি ইউটিলিটি বিল (বকেয়াসহ) যাচাই-বাছাইপূর্বক যথা নিয়মে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

ঙ. সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের বিভিন্ন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ৮,৮৯,৬৬,০০০/- (আট কোটি উননব্বই লক্ষ ছেষট্টি হাজার) টাকার একটি কর্মসূচির বিস্তারিত বিভাজন অনুমোদিত হয়।

চ. ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন সভায় অনুমোদিত হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল হক খান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮- ৭৬

তারিখঃ ২৮-০১-২০১৮খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

২৮/০১/১৮

(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫১২২১২

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। কর্মসূচি পরিচালক ও উপপরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
১০। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

প্র-সূচি-১

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতায় ২০১৮-১৯ এর প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ এর প্রক্ষেপণ

অংকসমূহ লক্ষ টাকায়

অধিদপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট	বাজেট	প্রাক্কলন	প্রক্ষেপণ		মন্তব্য
	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	
১	২	৩	৪	৫	৬
মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা	**৮৩৬১৬৯.০০**	**৯১৮৪০৪.০০**	**১০১০২৪৪.০০**	**১১১১২৬৮.০০**	
সচিবালয়/অধিদপ্তর/অপারেশন ইউনিট					
২৭০১- সচিবালয়	৬৩৭৪৬.৯৪	৮৫১২১.৬৩	১০৭১৩৩.৭৯	১৩২৩৪৭.১৮	
২৭০২- স্বাস্থ্য অর্থনীতি ইউনিট	৩৫২.৪৬	৩৮৭.৭১	৪২৬.৪৮	৪৬৯.১২	
২৭০৫- স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান	১৩৮০৫.০০	১৫১৮৫.৫০	১৬৭০৪.০৫	১৮৩৭৪.৪৬	
২৭০৬- আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহ	৪৫.০০	৫০.০০	৫৫.০০	৬১.০০	
২৭১১- স্বাস্থ্য অধিদপ্তর	৬৫০০৯.৪৬	৭১৫১০.৪১	৭৮৬৬১.৪৫	৮৬৫২৭.৫৯	
২৭১২- বিভাগীয় প্রতিষ্ঠানসমূহ	১৫৮৭.৮৫	১৭৪৬.৬৪	১৯২১.৩০	২১১৩.৪৩	
২৭১৩- সিভিল সার্জনের কার্যালয়সমূহ	১৩২৭৮.৫০	১৪৬০৬.৩৫	১৬০৬৬.৯৮	১৭৬৭৩.৬৮	
২৭১৪- উপজেলা স্বাস্থ্য কার্যালয়	১১৬২৮৪.৯৮	১২২৯১৩.৪৮	১৩০৭০৪.৮২	১৩৯৭৭৫.৩	
২৭১৫- ঔষধ প্রশাসন অধিদপ্তর	১২১৩.২৫	১৩৩৪.৫৮	১৬৬৮.০৩	১৮৩৪.৮৩	
২৭১৬- নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	১৪০৩৭২.৮৯	১৫০৪১০.১৮	১৫৯৮৫১.২০	১৭১৮৩৬.৩২	
২৭১৭- স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১৭১৮৬.৭৫	১৭৫০৫.৪২	১৮৭৯৫.৯৭	২০৩৭৫.৫৬	
২৭৪১- চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালসমূহ	৯৪০১১.৮৭	১০৯৪১৩.০৫	১২৫৭৫৪.৩৬	১৩৫১২৯.৮	
২৭৪২- জেলা হাসপাতাল	৬৮০১৮.৭০	৭০০২০.৫৭	৭৪৩০২.৬৩	৮০৫৩২.৮৯	
২৭৪৩- অন্যান্য জেলা হাসপাতাল	২৭৩৬.৯২	৩০১০.৬১	৩৩১১.৬৭	৩৬৪২.৮৪	
২৭৪৪-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পল্লী চিকিৎসা কেন্দ্র	১৫৭৪৭৬.৯২	১৬৫৮২০.৮৫	১৭৪৯২০.৫৫	১৮৮৮৯১.৯	
২৭৪৭- ডেন্টাল কলেজ হাসপাতালসমূহ	২১৫৭.৯০	২৩৭৩.৬৯	২৬১১.০৬	২৮৭২.১৬	
২৭৫১ বিশেষায়িত হাসপাতাল ও প্রতিষ্ঠানসমূহ	৬৮৭৮২.৮০	৭৬৮৬১.০৮	৮৬২২৭.১৮	৯৬৫৪৯.৯	
২৭৬১- মহামারী রোগ নিয়ন্ত্রণ	৬৬১.১২	৭২৭.২৩	৭৯৯.৯৬	৮৭৯.৯৫	
২৭৭১- যক্ষা কেন্দ্র	৩১৩৮.১৯	৩৪৫২.০০	৩৭৭৯.২০	৪১৭৬.৯৩	
২৭৭২- বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্র	৭৩২.১০	৮০৫.৩১	৮৮৫.৮৪	৯৭৪.৪৩	
২৭৭৫- অন্যান্য সুবিধাদি	৪৬৭৯.৭৪	৫১৪৭.৭১	৫৬৬২.৪৮	৬২২৮.৭৩	
২৭৯৬- রাজস্ব বাজেট থেকে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি	৮৮৯.৬৬	০.	০	০	
সর্বমোট	**৮৩৬১৬৯.০০**	**৯১৮৪০৪.০০**	**১০১০২৪৪.০০**	**১১১১২৬৮.০০**	

সংযুক্তি-২

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট

অধিদপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট	অংকসমূহ লক্ষ টাকায়				
	বাজেট	সংশোধিত বাজেট			
	২০১৭-১৮	২০১৭-১৮			
১	২	৩	৪	৫	৬
মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা	৮৩৬১৬৯.০০				
সচিবালয়/অধিদপ্তর/অপারেশন ইউনিট					
২৭০১- সচিবালয়	৬৪০৯৯.৪০	৮২৪৩০.৫৮			
২৭০২- স্বাস্থ্য অর্থনীতি ইউনিট	০.০০	৩৫২.৯১			
২৭০৫- স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান	১৩৮০৫.০০	১৫৬৯০.০০			
২৭০৬- আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহ	৪৫.০০	৪৫.০০			
২৭১১- স্বাস্থ্য অধিদপ্তর	৬৫০০৯.৪৬	৬২৫২৯.৪৭			
২৭১২- বিভাগীয় প্রতিষ্ঠানসমূহ	১৫৮৭.৮৫	১৬৪৯.৬৬			
২৭১৩- সিভিল সার্জনের কার্যালয়সমূহ	১৩২৭৮.৫০	১৩২৯৯.০৭			
২৭১৪- উপজেলা স্বাস্থ্য কার্যালয়	১১৬২৮৪.৯৮	১১৩১২৪.৮৫			
২৭১৫- ঔষধ প্রশাসন অধিদপ্তর	১২১৩.২৫	১৯৯৫.১৭			
২৭১৬- নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর	১৪০৩৭২.৮৯	১৩০৩৮৬.৪১			
২৭১৭- স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১৭১৮৬.৭৫	১৭৬৮২.৬৪			
২৭৪১- চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালসমূহ	৯৪০১১.৮৭	১০৭০৩১.১০			
২৭৪২- জেলা হাসপাতাল	৬৮০১৮.৭০	৭৪৩৯৬.০০			
২৭৪৩- অন্যান্য জেলা হাসপাতাল	২৭৩৬.৯২	২১৯৬.৫৭			
২৭৪৪-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পল্লী চিকিৎসা কেন্দ্র	১৫৭৪৭৬.৯২	১৫৮৯৩৩.২০			
২৭৪৭- ডেন্টাল কলেজ হাসপাতালসমূহ	২১৫৭.৯০	২৩৭১.১৭			
২৭৫১ বিশেষায়িত হাসপাতাল ও প্রতিষ্ঠানসমূহ	৬৮৭৮২.৮০	৭৫২৮৩.২৫			
২৭৬১- মহামারী রোগ নিয়ন্ত্রণ	৬৬১.১২	৬০০.৫০			
২৭৭১- যক্ষা কেন্দ্র	৩১৩৮.১৯	২৯৯৭.৫৫			
২৭৭২- বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্র	৭৩২.১০	৭৩০.০৫			
২৭৭৫- অন্যান্য সুবিধাদি	৪৬৭৯.৭৪	৫১৫৪.১৯			
২৭৯৬- রাজস্ব বাজেট থেকে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি	৮৮৯.৬৬	৮৮৯.৬৬			
সর্বমোট	৮৩৬১৬৯.০০	৮৬৯৭৬৯.০০			